মুজিবনগরে সপ্তাহব্যাপী জাতীয় মৎস্য সপ্তাহের উদ্বোধন

“অভয়াশ্রম গড়ে তুলি, দেশি মাছে দেশ ভরি” এ প্রতিপাদ্যকে সামনে রেখে মুজিবনগরে সপ্তাহব্যাপী জাতীয় মৎস্য সপ্তাহের উদ্বোধন করা হয়েছে।

সোমবার সকালে উপজেলা মৎস্য উদযাপন কমিটির আয়োজনে এ মৎস্য সপ্তাহের উদ্বোধন উপলক্ষে আলোচনা সভার আয়োজন করা হয়।

মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার পলাশ মন্ডল প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এ মৎস্য সপ্তাহের উদ্বোধন করেন। উদ্বোধন অনুষ্ঠানে দুইজন সফল মৎস্য চাষীকে পুরস্কার দেওয়া হয়।

সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা তারেক আজিজের সভাপতিত্বে এবং মুজিবনগর উপজেলা একাডেমিক সুপারভাইজার হাসনাইন জাহিদের সঞ্চালনায় অন্যদের মধ্যে বক্তব্য রাখেন মুজিবনগর উপজেলা সহকারী কমিশনার (ভূমি) নাজমুস সাদাত রত্ন, উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা রফিকুল ইসলাম এবং মুজিবনগর প্রেসক্লাবের সভাপতি ওমর ফারুক।

এর আগে একটি মৎস্য র্যালি শেষে মুজিবনগর উপজেলা পরিষদ পুকুরে মাছের পোনা অবমুক্ত করেন প্রধান অতিথিসহ অন্যান্য অতিথিবৃন্দ।

মেহেরপুরে সপ্তাহব্যাপী বৃক্ষরোপণ অভিযান ও বৃক্ষমেলার উদ্বোধন

“পরিকল্পিত বনায়ন করি, সবুজ বাংলাদেশ গড়ি” এই প্রতিপাদ্যকে সামনে রেখে সপ্তাহব্যাপী বৃক্ষমেলার উদ্বোধন করেছেন মেহেরপুর জেলা প্রশাসন ও বন বিভাগ।

এ উপলক্ষে সোমবার (২৭ জুলাই) সকাল সাড়ে ৯টার দিকে জেলা শিল্পকলা একাডেমির সামনে থেকে একটি র্যালি বের করা হয়। র্যালিটি প্রধান সড়ক প্রদক্ষিণ করে জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে এসে শেষ হয়। পরে জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে ফিতা কেটে বৃক্ষমেলার উদ্বোধন করা হয়।

এরপর জেলা প্রশাসনের সম্মেলন কক্ষে আলোচনা সভার আয়োজন করা হয়।

বিভাগীয় বন কর্মকর্তা মোঃ রেজাউল আলমের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন জেলা প্রশাসক সিফাত মেহনাজ।

এছাড়াও, স্থানীয় সরকারের ভারপ্রাপ্ত উপপরিচালক মোঃ তরিকুল ইসলাম, অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) আবদুল করিম, উপজেলা নির্বাহী কর্মকর্তা মোঃ খায়রুল ইসলাম, সহকারী কমিশনার ও বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট শেখ তৌহিদুল কবীর, জেলা শিক্ষা অফিসার হজরত আলী, জেলা ইসলামিক ফাউন্ডেশনের উপপরিচালক এ জে এম সিরাজুম মুনীর, জেলা বন বিভাগের কর্মকর্তা এসটি হামিম হায়দারসহ সরকারি কর্মকর্তা-কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

সপ্তাহব্যাপী বৃক্ষমেলায় বিভিন্ন স্টলে ফলজ, বনজ ও ঔষধি গাছ সাজিয়ে রাখা হয়। এ সময় বিভিন্ন স্টল পরিদর্শন করেন জেলা প্রশাসক সিফাত মেহনাজ। এই মেলায় ১৭টি স্টল স্থাপন করা হয়েছে।

মেহেরপুরে সপ্তাহব্যাপী বৃক্ষমেলার উদ্বোধন

“বৃক্ষ দিয়ে সাজাই দেশ”, “সমৃদ্ধ করি বাংলাদেশ” এই প্রতিপাদ্যকে সমনে রেখে সপ্তাহব্যাপী বৃক্ষমেলা উদ্বোধন করেছেন মেহেরপুর জেলা প্রশাসন ও বন বিভাগ।

এ উপলক্ষে আজ সোমবার (৯ সেপ্টেম্বর) সকাল সাড়ে ১০ টার দিকে মেহেরপুর জেলা প্রশাসক কার্যালয়ের সামনে থেকে একটি র্যালি বের করে প্রধান সড়ক প্রদক্ষিণ করে একই স্থানে এসে শেষ হয়। পরে

মেহেরপুর জেলা প্রশাসক কার্যালয়ের সামনে ফিতা কেটে বৃক্ষমেলার উদ্বোধন করা হয়।

এ সময় প্রধান অতিথি ছিলেন জেলা প্রশাসক শামীম হাসান।

বক্তব্য রাখেন বিভাগীয় বন কর্মকর্তা সামাজিক বন বিভাগ (কুষ্টিয়া) কাশ্যপী বিকাশ চন্দ্র, মহিলা সরকারি কলেজের অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) আব্দুল্লাহ আল আমিন ধুমকেতু, জেলা বন বিভাগের কর্মকর্তা এসটি হামিম হায়দার সহ সরকারি কর্মকর্তা-কর্মচারীগণ।

সপ্তাহব্যাপী বৃক্ষমেলায় বিভিন্ন স্টলে ফলজ, বনজ ও ঔষধি গাছ সাজিয়ে রাখা হয়।

এ সময় বিভিন্ন স্টল পরিদর্শন করেন জেলা প্রশাসক শামীম হাসান। এই মেলায় ১৭ টি স্টল স্থাপন করা হয়েছে।

কুষ্টিয়ায় সপ্তাহব্যাপী হাঁস মুরগী পালন প্রশিক্ষণ সম্পন্ন ও সনদপত্র প্রদান

কুষ্টিয়ায় সপ্তাহব্যাপী হাঁস মুরগী পালন প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। আজ মঙ্গলবার বিকেলে কুষ্টিয়া পৌরসভার ৩ নং ওয়ার্ডে কুঠিপাড়া বড় ড্রেনের মোড় সংলগ্ন কমিউনিটি সেন্টারে সমাপনী অনুষ্ঠানে সনদপত্র প্রদান করা হয়।

সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে সনদপত্র প্রদান করেন কুষ্টিয়া সদর উপজেলার যুব উন্নয়ন কর্মকর্তা আতিকুল ইসলাম।

‘স্বপ্ন প্রয়াস যুব সংস্থা’র সভাপতি সাদিক হাসান রহিদের সভাপতিত্বে এসময় উপস্থিত ছিলেন সহকারী যুব উন্নয়ন অফিসার মিজানুর রহমান, প্রশিক্ষক আবুল মিয়া, সংস্থার যুগ্ম সাধারণ সম্পাদক মোঃ চমক, কোষাধ্যক্ষ তানজিল, সাংগঠনিক সম্পাদক রুম্পা খাতুন প্রমুখ।

পরে প্রশিক্ষণার্থীদের মাঝে সনদপত্র প্রদান করেন অতিথিবৃন্দ। এতে ৩০ জন উদ্যোমী তরুণ তরুণী অংশগ্রহণ করে।

এর আগে গত ১৪ই ফেব্রুয়ারি সপ্তাহব্যাপী পারিবারিক হাঁস- মুরগী পালন অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ কোর্সের উদ্বোধন করা হয়।

২০১৮ সালে কিছু উদ্যোমী তরুণদের নিয়ে গঠন করা হয় ‘স্বপ্ন প্রয়াস যুব সংস্থা’র নামের এ সংগঠনটি। এ সংগঠনের মাধ্যমে বেকার যুব ও যুব নারীদেরকে যুব উন্নয়ন অধিদপ্তরসহ বিভিন্ন অফিসের মাধ্যমে প্রশিক্ষণ প্রদান করে আত্মকর্মী হিসেবে গড়ে তুলে যাচ্ছেন। ইতোমধ্যে এ সংগঠনের মাধ্যমে কয়েক শতাধিক বেকার যুব ও যুব নারীকে বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ প্রদান করে স্বাবলম্বী হিসেবে গড়ে তুলেছেন। ‘স্বপ্ন প্রয়াস যুব সংস্থা’র সভাপতি আত্মকর্মী যুবক সাদিক হাসান রহিদ বলেন, আমি যুব উন্নয়ন অধিদপ্তরের মাধ্যমে প্রশিক্ষণ নিয়ে প্রশিক্ষণলব্দ জ্ঞান বাস্তব জীবনে প্রয়োগ করি। কোন সরকারী চাকুরীর দিকে না তাকিয়ে বেকার জনগোষ্ঠীদের নিয়ে কাজে নেমে যায়।

মুজিবনগরে ঐতিহ্যবাহী সপ্তাহব্যাপী খ্রীষ্টিয় আনন্দ মেলার উদ্বোধন

মুজিবনগরে শুভ বড়দিন উপলক্ষে সপ্তাহব্যাপী ঐতিহ্যবাহী খ্রীষ্টিয় আনন্দ মেলার উদ্বোধন করা হয়েছে। গতকাল রবিবার বিকেলে মুজিবনগর উপজেলার বল্লভপুর ফুটবল খেলার মাঠে জনপ্রশাসন প্রতিমন্ত্রী অধ্যাপক ফরহাদ হোসেন জাতীয় পতাকা উত্তোলন, মশাল প্রজ্বোলন এবং শান্তির প্রতিক পায়রা উড়িয়ে ঐতিহ্যবাহী সপ্তাহব্যাপী খ্রীষ্টিয় আনন্দ মেলার উদ্বোধন করেন। পরে মেলা প্রাঙ্গণে আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে রেভা: মৃত্যুঞ্জয় মন্ডল এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মেহেরপুর ১ আসনের সংসদ সদস্য

ও জনপ্রশাসন প্রতিমন্ত্রী অধ্যাপক ফরহাদ হোসেন।

অনুষ্ঠানে বিনিময় বিশ্বাস ও লুকহরেন্দ বিশ্বাস এর সঞ্চালনায়, বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন,জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক এম এ খালেক,জেলা পুলিশ সুপার রাফিউল আলম, মেহেরপুর জেলা পরিষদের চেয়ারম্যান আব্দুস সালাম,উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাস,মুজিবনগর থানা ইনচার্য (ওসি) মেহেদি রাসেল,মুজিবনগর উপজেলা আওয়ামীলীগের সভাপতি রফিকুল ইসলাম তোতা, বাগোয়ান ইউপি চেয়ারম্যান আয়ূব হোসেন, বাগোয়ান ৬ নম্বর ওয়ার্ড সদস্য মি: বাবুল মল্লিক, খ্রিস্টীয় আনন্দ উৎসব কমিটির সম্পাদক মি: মাইকেল তপু বিশ্বাস।

অনুষ্ঠানের মাঝে মাঝে দেশাক্তবোধক গান ও রবিন্দ্র সংগীত এর তালে তালে নৃত্য পরিবেশন করেন বল্লভপুর গ্রামের কিশোর কিশোরিরা। অনুষ্ঠানের শুরুতে অতিথিদের ফুল দিয়ে বরণ করে নেওয়া হয়।